

B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা

Course : SEC-1

Time: 2 Hours

Full Marks: 40

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও: ২×৫=১০
- (ক) সন্ধি বিচ্ছেদ করো :
কল্পনালোক, রবীন্দ্র
- (খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :
রথদেখা, পঞ্চগনন
- (গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
মা এখন খাবার তৈরি করছেন।
- (ঘ) সন্ধি করো :
সুধা + ইন্দু, বন + ওষধি
- (ঙ) শব্দ ও পদের পার্থক্য কী?
- (চ) ভাববাচ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ছ) অনুজ্ঞাসূচক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (জ) বিশেষণ কাকে বলে? একটি উদাহরণ দাও।
২. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- (ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫
- (অ) সবুজ ঘাসে ছেয়ে গেছে মাঠ।
- (আ) সে মায়াকান্না কাঁদছে।
- (ই) দীনদুঃখীকে অন্নবজ্রদান পরম ধর্ম।
- (ঈ) আশ্রমে অন্নকূট উৎসব উঠে গেছে।
- (উ) দিবসে সে ধন হারায়েছি।
- (ঊ) চাতক কাতরে ডাকে।
- (খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫
- (অ) সে নিজে যেমন, অন্যকেও তেমনি ভাবে। (সরল বাক্যে)
- (আ) তার দোষ নেই। (অস্ত্যর্থক বাক্যে)
- (ই) অখিলেশ এখন নিরাপদ। (নঞর্থক বাক্যে)

(ঈ) নদীতীরের সৌন্দর্য অনুপম। (প্রশ্নবোধক বাক্যে)

(উ) তোমার নাম কী? (অনুজ্ঞাবাচক বাক্যে)

(ঊ) এ কী বেয়াদবি! (নির্দেশক বাক্যে)

(গ) অব্যয় কাকে বলে? অব্যয় কয়প্রকার ও কী কী? উদাহরণসহযোগে যে কোনো দুই প্রকার অব্যয় বিশ্লেষণ করো।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

বিলাতফেরত, রুদ্রবীণা, খুশমেজাজ, গরমিল, চতুরঙ্গ, গুরুশিষ্য

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১০×২=২০

(ক) কারক কাকে বলে? বিভক্তি কাকে বলে? উদাহরণসহ কারকের প্রকারভেদ বুঝিয়ে দাও।

(খ) বিশেষ্য পদ বলতে কী বোঝো? বিশেষ্য পদের সামগ্রিক পরিচয় দাও।

(গ) ব্যঞ্জনসন্ধি কাকে বলে? উদাহরণসহযোগে ব্যঞ্জনসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(ঘ) ক্রিয়াপদ কাকে বলে? ক্রিয়াপদ কয়প্রকার ও কী কী? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।